

আল-মাদুন | Al-Ma'un | الْمَاعُون

আয়াতঃ ১০৭ : ১

আরবি মূল আয়াত:

أَرَأَيْتَ الَّذِي يُكَذِّبُ بِالدِّينِ ﴿١﴾

অনুবাদসমূহ:

তুমি কি তাকে দেখেছ, যে হিসাব-প্রতিদানকে অস্বীকার করে? — আল-বায়ান

তুমি কি তাকে দেখেছ, যে কর্মফল (দিবসকে) অস্বীকার করে? — তাইসিরুল

তুমি কি দেখেছ তাকে, যে কর্মফলকে মিথ্যা বলে থাকে? — মুজিবুর রহমান

Have you seen the one who denies the Recompense? — Sahih International

১. আপনি কি দেখেছেন(১) তাকে, যে দ্বীনকে(২) অস্বীকার করে?

(১) এখানে বাহ্যত সম্বোধন করা হয়েছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে। কিন্তু কুরআনে বর্ণনাভঙ্গী অনুযায়ী দেখা যায়, এসব ক্ষেত্রে সাধারণত প্রত্যেক জ্ঞান-বুদ্ধি ও বিচার-বিবেচনা সম্পন্ন লোকদেরকেই এ সম্বোধন করা হয়ে থাকে। আর দেখা মানে চোখ দিয়ে দেখাও হয়। কারণ সামনে দিকে লোকদের যে অবস্থা বর্ণনা করা হয়েছে তা প্রত্যেক প্রত্যক্ষকারী স্বচক্ষে দেখে নিতে পারে। আবার এর মানে জানা, বুঝা ও চিন্তা-ভাবনা করাও হতে পারে। [ফাতহুল কাদীর]

(২) এ আয়াতে “আদ-দীন” শব্দটির অর্থ আখেরাতে কর্মফল দান এবং বিচার। অধিকাংশ মুফাসসিররা এমতটিই গ্রহণ করেছেন। [ইবন কাসীর, কুরতুবী, মুয়াস্সার]

তাকসীরে জাকারিয়া

১। তুমি কি দেখেছ তাকে, যে (পরকালের) কর্মফলকে মিথ্যা মনে করে?[1]

[1] ٱرَأَيْتَ শব্দ দ্বারা নবী (সাঃ)-কে সম্বোধন করা হয়েছে। আর এতে প্রশ্নসূচক বাক্য দ্বারা বিশ্বায় প্রকাশ করা হয়েছে। ‘তুমি কি দেখেছ’ অর্থাৎ, ‘তুমি কি চিনেছ তাকে---।’ আর الدِّين থেকে উদ্দেশ্য আখেরাতে হিসাব ও প্রতিদান। কেউ কেউ বলেন, এখানে আরো কিছু শব্দ উহ্য আছে। আসল বাক্য হল যে, ‘তুমি কি চিনেছ তাকে, যে (পরকালের) কর্মফলকে মিথ্যা মনে করে? তার এ মনে করা ঠিক অথবা ভুল?’

তাকসীরে আহসানুল বায়ান

হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন